

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৮৩

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّنَفْ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «النَّفَقَةُ كُلُّهَا فِي سَبِيلِ اللَّهِ إِلَّا اللَّهِ إِلَّا اللَّهِ إِلَّا اللَّهِ إِللَّا اللَّهِ إِللهِ اللَّهِ إِللَّا اللَّهِ إِللَّا عَنْدَا خَيْرَ فِيهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

اسناده ضعیف ، رواه الترمذی (2482) * زافر : صدوق ضعیف الحدیث ضعفه الجمهور من کثرة اوهامه کما حققته فی التعلیق علی تهذیب التهذیب ـ (ضَعِیف)

বাংলা

৫১৮৩-[২৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন : (কোন ব্যক্তির জীবনধারণের) প্রত্যেকটি খরচ আল্লাহ তা'আলার রাস্তায় খরচ করার মধ্যে গণ্য- কেবল ঘর-বাড়ি ব্যতীত। কেননা তাতে কোন উপকার নেই। [ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন : হাদীসটি গরীব]

ফুটনোট

যঈফ: শারীব ইবনু বিশর সত্যবাদী তবে ভুল করে আর যাফির প্রচুর ভুল করে, যেমন- "আত্ তাকরীবে" আছে, আর ইমাম মানাবী তৃতীয় আরেকটি দোষের কথা উল্লেখ করেছেন তা হলো মুহাম্মদ ইবনু হুমায়দ আর রযী তিরমিয়ীর শায়খ, ইমাম বুখারী বলেন: ফীহি নাযরুন, তার ব্যাপার কথা আছে, তিরমিয়ী ২৪৮২, য'ঈফুল জামি ৫৯৯৪, য'ঈফ আত্ তারগীব ওয়াত তারহীব ১১৭৯, মুসনাদে বাযার ৭৫২২, হিদায়াতু রুওয়াত ৫১১১, ৫/১২ পৃ.

ব্যাখ্যা



ব্যাখ্যা: (إِنَّا الْبِنَاءَ) এখানে প্রয়োজনের অতিরিক্ত অর্থাৎ অপচয় করার কারণে কোন সওয়াব নেই। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন